দৈনিক বাংলা

023

তারিখ ... 1 APR 1987 ... ... ...
পৃষ্ঠা ... ১ কলাম ৬ ... ...

# প্রতি জেলায় কারিগরি শিক্ষাকেন্দ্র প্রতিষ্ঠাই লক্ষ্য ঃ মাহবুব

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান দেশে বিজ্ঞান ও কারিগরী শিক্ষার উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করে বলেছেন যে এই লক্ষ্যে সম্ভব সম্পদ অর্থ বরাদ্দ করা হবে।

বাসসের খবরে প্রকাশ শনিবার ঢাকায় নিয়েমিত বেসরকারী কলেজের প্রশাসন ও ব্যবস্থাপনা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ ওয়ার্কশপের

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## মাহবুব

(প্রথম পৃঃ পর)

উদ্বোধনকালে জনাব রহমান বলেন, চলতি পাঁচসালা পরিকল্পনায় বিজ্ঞান শিক্ষা উন্নয়ন স্কীমের অধীনে ৭৫টি বেসরকারী ইন্টারমিডিয়েট কলেজকে ১০ কোটি টাকা ব্যয়সাপেক্ষ বিজ্ঞান শিক্ষা সুবিধা দেয়া হবে এবং একই উদ্দেশ্যে ৫০টি বেসরকারী ডিগ্রী কলেজের জন্য অন্য একটি স্কীমের অধীন ৫ কোটি টাকা বরাদ্দ করা হবে।